

India gifts Dornier aircraft to strengthen maritime security of Sri Lanka

August 15, 2022

শ্রীলংকার সামুদ্রিক সুরক্ষাকে শক্তিশালী করার জন্য শ্রীলংকাকে ভারতের ডরনিয়ার এয়ারক্র্যাফট উপহার

অগাস্ট 15, 2022

15 ই অগাস্ট 2022 তারিখে শ্রীলংকার কাটুনায়েকে নৌসেনার ঘাটিতে একটি বিশেষ অনুষ্ঠানে শ্রীলংকার সামুদ্রিক সুরক্ষাকে শক্তিশালী করার জন্য ভারত সমুদ্র প্রহরার জন্য একটি ডরনিয়ার এয়ার ক্র্যাফট উপহার দিয়েছে। শ্রীলংকার নেভি এবং নৌবাহিনীর যে সকল অফিসাররা প্রায় চারমাস ধরে ভারতে প্রশিক্ষণ নিয়েছেন তারা এই এয়ারক্র্যাফটটিকে চালনা করবেন। তারা তাদের ভারতীয় সমপদস্থদের কাছ থেকে এটি পরিচালনা করার সহযোগিতাও উপলব্ধ হবেন।

2. গণতান্ত্রিক সমাজবাদী প্রজাতান্ত্রিক শ্রীলংকার রাষ্ট্রপতি হিজ এক্সেলেন্সি শ্রীযুক্ত রনিল বিক্রমসিংঘে, হাই কমিশনার গোপাল বাগলে, রাষ্ট্রপতির বাহিনীর প্রধান সাগালা রত্ননায়েকে, প্রতিরক্ষা সচিব জেনারেল কমল গুনরত্নে, ভারতীয় নৌ সেনার উপ প্রধান ভাইস অ্যাডমিরাল এস এন ঘোড়মারে, প্রতিরক্ষা বাহিনীর প্রধান জেনারেল শাবেন্দ্র সিলভা এবং শ্রীলংকার স্থল বাহিনী, নৌবাহিনী এবং বায়ুসেনার প্রধানরা এই অনুষ্ঠানটিকে অলংকৃত করেছেন। এই বিশেষ উল্লেখযোগ্য অনুষ্ঠানটি ভারতের স্বাধীনতার 75 তম বার্ষিকী উদযাপনের সাথে সমাপ্তন হয়েছে।

3. এই এয়ারক্র্যাফটটি, শ্রীলংকার সমুদ্রতীরবর্তী অঞ্চলে মানব ও মাদক পাচার, চোরা চালান এবং অন্যান্য সংঘটিত অপরাধের মত বিভিন্ন চ্যালেঞ্জকে কার্যকর রূপে সামাল দেবার জন্য শ্রীলংকার ক্ষমতাকে বহুগুণ বর্ধিত করবে। বর্তমানে শ্রীলংকার সামুদ্রিক সুরক্ষার প্রয়োজনীয়তার দিক দিয়ে এই এয়ারক্র্যাফটের সংযুক্তি সময়োচিত হয়েছে।

4. সন্ধান এবং উদ্ধার কার্যে জনগণের সরাসরি উপকারে এই এয়ারক্র্যাফটের ক্ষমতা উদাহরণস্বরূপ। শ্রীলংকার জনগণকে এই উপহারটি ভারত মহাসাগরীয় অঞ্চলের সুরক্ষার প্রতি আরও অবদান রাখতে শ্রীলংকাকে সমর্থ করে তুলবে। স্মরণ করা যেতে পারে যে, কলম্বো সুরক্ষা কনক্লেভের একটি মুখ্য স্তম্ভ হিসেবে শ্রীলঙ্কার সামুদ্রিক সুরক্ষা চিহ্নিত হয়ে আছে। হাই কমিশনার গোপাল বাগলে জোরারোপ করে বলেছেন যে, ভারত এবং শ্রীলংকার জনগণের উন্নতি এবং সমৃদ্ধির জন্য একটি শান্তিপূর্ণ পরিবেশ তৈরি করার ক্ষেত্রে এই এয়ারক্র্যাফটের সংযোজন সাহায্য করবে।

5. ডর্নিয়ার এয়ারক্র্যাফট উপহার, দুই সমুদ্রতীরবর্তী প্রতিবেশী দেশের মধ্যে প্রতিরক্ষা ও সুরক্ষা ক্ষেত্রে সহযোগিতার উপরে রেখাপাত করেছে। শ্রীলংকায় আরও সক্ষমতা ও ক্ষমতাকে যোগ করার জন্য এই ধরনের সহযোগিতাকে সম্মুখে নিয়ে আসা হয়েছে এবং এটি অঞ্চলের জন্য নিরাপত্তা ও বৃদ্ধির সাথে সম্পতিপূর্ণ (সাগর)।

নিউ দিল্লি

অগাষ্ট 15, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.